

AKASHVANI(AIR)
RNU:KOLKATA
BengaliText Bulletin

Date 23-12-2025

Time: 1.30 P.M.

বিশেষ বিশেষ খবর –

- ভোটার তালিকায় বিশেষ নীবিড় সংশোধনী এস আই আর-এর আওতায় নির্বাচন কমিশন আজ কেরালা, মধ্যপ্রদেশ, ছত্তিশগড়, আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ খসড়া ভোটার তালিকা প্রকাশ করছে।
- রাষ্ট্রপতি দ্রৌপদি মুর্মু বলেছেন ইন্টেলিজেন্স বিউরো আই বি দেশের নিরাপত্তা রক্ষায় এবং জাতির ঐক্য ও সংহতি নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছে।
- দেশজুড়ে আজ জাতীয় কৃষক দিবস উদযাপিত হচ্ছে।
#কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান জানিয়েছেন, বিকশিত ভারত জি রাম জি প্রকল্পে ১ লক্ষ ৫১ হাজার কোটি টাকারও বেশি বরাদ্দের প্রস্তাব করা হয়েছে।
- বাংলাদেশে সংখ্যালঘু হিন্দুদের ওপর অত্যাচার এবং দিপু চন্দ্র দাসের বর্বরোচিত হত্যার প্রতিবাদে আজ বিশ্ব হিন্দু পরিষদ, বজরং দল সহ বেশ কিছু সংগঠন নতুন দিল্লীতে বাংলাদেশ হাই কমিশনের বাইরে প্রতিবাদ জানিয়েছে।
- শ্রীলঙ্কায় ঘূর্ণিঝড় দ্বিতীয়বার ক্ষতিগ্রস্ত এলাকা পুনর্গঠনের জন্য ভারত, ৪৫ কোটি ডলারের আর্থিক সাহায্যের ঘোষণা করেছে।
- ভারত আজ মহিলাদের টি-টোয়েন্টি ক্রিকেট সিরিজের দ্বিতীয় ম্যাচে শ্রীলঙ্কার মুখোমুখি হবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভোটের তালিকায় বিশেষ নীবিড় সংশোধনী এস আই আর-এর আওতায় নির্বাচন কমিশন আজ কেরালা, মধ্যপ্রদেশ, ছত্তিশগড়, আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ খসড়া ভোটের তালিকা প্রকাশ করেছে। মুখ্য নির্বাচনী আধিকারিক এবং জেলা নির্বাচনী আধিকারিকরা সব স্বীকৃত রাজনৈতিক দলগুলির হাতে খসড়া ভোটের তালিকার মুদ্রিত কপি তুলে দেবেন। CEO এবং DEO-র ওয়েব সাইটেও তা পাওয়া যাবে। এছাড়া অনুপস্থিত, স্থানান্তরিত, মৃত এবং ভুল ভোটারদ্বারা আলাদা তালিকাও ওয়েবসাইটে পাওয়া যাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভোটের তালিকায় বিশেষ নীবিড় সংশোধনী এসআইআর-এর অগ্রগতি খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের এক উচ্চ পর্যায়ের প্রতিনিধি দল আজ পশ্চিমবঙ্গে আসছে।

কমিশনের প্রধান সচিব এসবি জোশি ও উপসচিব অভিনব আগরওয়াল শুনানি পর্বের অগ্রগতি খতিয়ে দেখবেন। পাশাপাশি আগামীকাল নজরুল মঞ্চের মাইক্রো অবজার্ভারদের প্রশিক্ষণ পর্বেও তাঁরা হাজির থাকবেন বলে জানা গেছে।

নির্বাচন কমিশনের এই বিশেষ প্রতিনিধি দল চলতি এসআইআর পর্বের কাজ পুঙ্খানুপুঙ্খ পর্যালোচনা করবেন। চূড়ান্ত ভোটের তালিকা প্রকাশের আগে সম্পূর্ণ প্রক্রিয়ায় যাতে কোনও গাফিলতি না হয়, মূলত সেই বিষয়েই কমিশনের নির্দেশ পালনের জন্যেও সকলকে অবহিত করবেন তারা।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাষ্ট্রপতি দ্রৌপদি মুর্মু বলেছেন ইন্টেলিজেন্স বিউরো আই বি দেশের নিরাপত্তা রক্ষায় এবং জাতির ঐক্য ও সংহতি নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছে। নতুন দিল্লীতে আজ ইন্টেলিজেন্স বিউরোর এক অনুষ্ঠানে তিনি বলেন, গত এক দশকে আই বি-র মতো নিরাপত্তা সংস্থাগুলি দেশের অভ্যন্তরে অসংখ্য হুমকি নিষ্ক্রিয় করতে গুরুত্বপূর্ণ

ভূমিকা নিয়েছে। তিনি বলেন তাদের এই ব্যতিক্রমি অবদান প্রশংসার দাবি রাখে। কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ সহ বিশিষ্ট ব্যাক্তিরা এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। ইন্টেলিজেন্স বিউরোর স্বাগত ভাষণে নির্দেশক তপন কুমার ডেকা বলেন, দেশের নিরাপত্তা জোরদার করার ক্ষেত্রে ইন্টেলিজেন্স বিউরো অগ্রণী ভূমিকা নিয়েছে।

(বাইট – রাষ্ট্রপতি)

oooooooooooooooooooooooooooo

দেশ জুড়ে আজ জাতীয় কৃষক দিবস উদযাপন করা হচ্ছে। প্রাক্তন প্রধানমন্ত্রী চৌধুরী চরণ সিং-এর জন্মবার্ষিকী উপলক্ষে এই দিনটি দেশের অগ্রগতি ও উন্নয়নে কৃষকদের অবদানকে সম্মান জানানোর জন্য পালন করা হয়। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি প্রাক্তন প্রধানমন্ত্রী ভারতরত্ন চরণ সিং এর জন্মদিন উপলক্ষে শ্রদ্ধা জ্ঞাপন করেছেন। সমাজ মাধ্যমে এক বার্তায় শ্রী মোদী বলেন, চৌধুরী চরণ সিং কৃষকদের সমৃদ্ধি এবং কৃষি ব্যবস্থা অগ্রগতির জন্য তার গোটা জীবন উৎসর্গ করেছিলেন। দেশ গঠনে তার অবদান মানুষ কখনো ভুলবে না। কৃষকদের কল্যাণে এবং গ্রামীণ সমস্যা সমাধানে তিনি আজীবন কাজ করে গেছেন। দেশের কৃষকদের অবিচল নিষ্ঠাকে সম্মান জানাতে এবং জাতির অগ্রগতিতে তাদের গুরুত্বপূর্ণ ভূমিকাকে স্বীকৃতি দিতে এই দিনটি স্মরণ করা হয়। কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান, চৌধুরী চরণ সিং-এর জন্মবার্ষিকীতে তাঁকে শ্রদ্ধা নিবেদন করে বলেন, শ্রী সিং তাঁর তার গোটা জীবন কৃষকদের কল্যাণে উৎসর্গ করেছেন এবং আত্মনির্ভর ভারত গড়ে তুলতে অগ্রণী ভূমিকা নিয়েছিলেন।

জাতীয় কৃষক দিবস উপলক্ষে, উপভোক্তা বিষয়ক, খাদ্য ও গণবন্টন মন্ত্রী প্রহ্লাদ যোশী দেশের অন্নদাতাদের প্রতি আন্তরিক কৃতজ্ঞতা প্রকাশ করেছেন। একটি সমাজ মাধ্যমে এক বার্তায় বলেন, তাঁদের অক্লান্ত পরিশ্রম এবং নিষ্ঠা দেশকে খাদ্যে সমৃদ্ধি করে না দেশের আত্মকেও শক্তিশালী করে।

তাদের গুরুত্বপূর্ণ অবদানের কথা স্মরণ করে সরকার তাদের আর্থ সামাজিক উন্নয়নে একাধিক পদক্ষেপ নেওয়া হয়েছে। এর মধ্যে প্রধানমন্ত্রী কিশান সম্মান নিধি, প্রধানমন্ত্রী ফসল বীমা योजना এবং প্রধানমন্ত্রী কৃষাণ মান ধান योजना উল্লেখযোগ্য।

oooooooooooooooooooooooooooo

কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন নতুন করে কর্ম সংস্থান তৈরি করতে এবং গ্রামীণ উন্নয়নে পর্যাপ্ত তহবিল গঠনে বিকশিত ভারত জি রাম জি প্রকল্পে ১ লক্ষ ৫১ হাজার কোটি টাকারও বেশি বরাদ্দের প্রস্তাব করা হয়েছে। এক ভিডিও বার্তায় তিনি বলেন, গ্রামীণ শ্রমিকরা এখন ১০০ দিনের পরিবর্তে ১২৫ দিনের কর্মসংস্থান পাবে। ইচ্ছাকৃত ভাবে মনরেগা-র নামে দেশকে বিভ্রান্ত করার চেষ্টা করা হচ্ছে। এই প্রকল্পটি আরও প্রগতিশীল পদক্ষেপ। এর মাধ্যমে গ্রামীণ এলাকায় পরিকাঠামো গত উন্নয়নের কাজ, জল সংরক্ষণ, দুর্যোগ প্রতিরোধ, দারিদ্র মুক্ত স্বনির্ভর গ্রাম গঠনে গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে।

(Byte - Shivraj Singh Chouhan)

oooooooooooooooooooooooooooo

ভারত, আফগানিস্তানে তার মানবিক সহায়তা এবং স্বাস্থ্য পরিষেবা অব্যাহত রাখার কথা আবারও ব্যক্ত করেছে। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জে পি নাড্ডা দীর্ঘমেয়াদী ওষুধ সরবরাহের ওপর জোর দিয়ে দেশটির প্রতি মানবিক সহায়তা অব্যাহত রাখার কথা ঘোষণা করেছেন। কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রক এক বিবৃতিতে জানিয়েছে, পর্যাপ্ত ওষুধ সরবরাহের ব্যাপারে ভারত আগের প্রতিশ্রুতি বজায় রাখবে। বিদেশ দপ্তর থেকে এক বিবৃতিতে বলা হয়েছে, আফগান নাগরিকদের চাহিদা মত ক্যান্সার প্রতিরোধ ওষুধ ও টিকা সরবরাহ করা হয়েছে। উল্লেখ্য, আফগান স্বাস্থ্যমন্ত্রী নূর জালাল জালালি চলতি মাসের ১৬ থেকে ২১ তারিখ

পর্যন্ত ভারত সফরে এসেছিলেন। তিনি নতুন দিল্লিতে অনুষ্ঠিত ঐতিহ্যবাহী চিকিৎসা বিষয়ক দ্বিতীয় বিশ্ব স্বাস্থ্য সংস্থা গ্লোবাল সামিটেও অংশ নেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২৮ শে ডিসেম্বর (রবিবার) আকাশবাণীতে “মন-কি-বাত” অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১২৯-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও “মন-কি-বাত” সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

বিশ্ব হিন্দু পরিষদ, বজরং দল সহ বেশ কয়েকটি সংগঠন আজ নতুন দিল্লীতে বাংলাদেশ হাই কমিশনের বাইরে বাংলাদেশের সংখ্যালঘু হিন্দুদের ওপর অত্যাচার এবং দিপু চন্দ্র দাসের বর্বরোচিত হত্যার প্রতিবাদ জানিয়েছে। এই প্রেক্ষিতে সেখানকার নিরাপত্তা জোরদার করা হয়েছে। ত্রি স্তরিয় ব্যারিকেড দিয়ে এলাকাটি সুরক্ষিত করা হয়। পুলিশ ও আধা সামরিক বাহিনী মোতায়েন করা হয়েছে।

এদিকে ভারতের বিদেশমন্ত্রক জানিয়েছে, বাংলাদেশের ক্রমবর্ধমান পরিস্থিতির ওপর তারা সতর্ক দৃষ্টি রেখেছে। ভারতীয় হাই কমিশনের কর্মকর্তারা বাংলাদেশ কর্তৃপক্ষের

সঙ্গে পরিস্থিতি অনুযায়ী যোগাযোগ রেখেছেন। তারা সংখ্যালঘুদের ওপর আক্রমণের বিষয়ে উদ্বেগ প্রকাশ করেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাষ্ট্রসভ্যের মহাসচিব আন্তোনিয় গুতেরেস বাংলাদেশে সাম্প্রতিক হিংসাশ্রয়ী ঘটনায় সেদেশে সব সংখ্যালঘু সম্প্রদায়ের নিরাপত্তা নিয়ে গভীর উদ্বেগ প্রকাশ করেছেন। রাষ্ট্রসভ্য বলেছে হিন্দুদের ওপর অত্যাচার সহ বিভিন্ন হামলার ঘটনায় তারা বিচলিত। সংখ্যালঘুদের সুরক্ষা নিশ্চিত করতে হবে। মহম্মদ ইউনুস পরিচালিত সরকার প্রতিটি বাংলাদেশিকে নিরাপত্তা দেবে বলে, গুতেরেস আশা প্রকাশ করেছেন।

০০০০০০০০০০০০০০০০০০০০০০

ভারত শ্রীলঙ্কায় ঘূর্ণিঝড় DITWAH-এ ক্ষতিগ্রস্ত এলাকাগুলির পুনর্গঠনে ৪৫ কোটি ডলারের বিশেষ আর্থিক সাহায্যের ঘোষণা করেছে। বিদেশ মন্ত্রী ডঃ এস জয়শঙ্কর আজ কলম্বোতে এ কথা জানিয়ে বলেন এই প্যাকেজের ৩৫ কোটি ডলার সহজ শর্তে ঋণ, এবং ১০ কোটি ডলার বিশেষ অনুদান হিসেবে কার্যকর হবে। তিনি বলেন, ঘূর্ণিঝড় বিধ্বস্ত শ্রীলঙ্কার রাস্তা, রেলপথ, সেতু সহ বিভিন্ন পরিকাঠামো পুনর্নির্মাণে ভারত সার্বিক সহায়তা দেবে। তিনি সেদেশের রাষ্ট্রপতি অনুরা কুমারাদিশানায়কের সঙ্গে সাক্ষাৎ করেন।

[S/B-JAISHANKAR]

০০০০০০০০০০০০০০০০০০০০০০

জাতীয় নিরাপত্তা ঝুঁকির কারণ দেখিয়ে মার্কিন যুক্তরাষ্ট্রের স্বরাষ্ট্র বিভাগ তাদের বায়ু প্রকল্প স্থগিত রাখার কথা ঘোষণা করেছে।

এই পাঁচটি বৃহৎ আকারের অফশোর বায়ু প্রকল্প হলো ভিনইয়ার্ড উইন্ড ওয়ান, রেভোলিউশন উইন্ড, সিভিওডব্লিউ-কমার্শিয়াল, সানরাইজ উইন্ড এবং এম্পায়ার উইন্ড ওয়ান।

দপ্তর থেকে আরও বলা হয়েছে সরকার সামগ্রিক পরিস্থিতির পুঙ্খানুপুঙ্খ বিচার বিশ্লেষণ করবে। এছাড়াও এই অবসোর বায়ু প্রকল্পটি অত্যন্ত ব্যয়বহুল। উৎপাদিত বিদ্যুতের দাম প্রাকৃতিক গ্যাসের চেয়ে ১২ গুণ বেশি। ট্রাম্প প্রশাসন কয়লা ও প্রাকৃতিক গ্যাসের মতন শক্তির উৎস গুলিকে অগ্রাধিকার দেয়।

000000000000000000000000

মহিলাদের ৫ ম্যাচের টি-টোয়েন্টি সিরিজের দ্বিতীয় খেলায় বিশাখাপত্তনমে আজ ভারত ও শ্রীলঙ্কা মুখোমুখি হবে। খেলা শুরু হবে সন্ধ্যে ৭-টায়। প্রথম ম্যাচে ভারত শ্রীলঙ্কাকে ৮ উইকেটে হারিয়ে পাঁচ ম্যাচের সিরিজে ১-০-তে এগিয়ে গেছে।

○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○○

000000000000000000000000000000